



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- জাতীয় বিঃ/পনি/৪৮ বর্ষ অনার্স-১১/০২/২০১৩/২০৬৬

তারিখ : ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ
১৭ জুন ২০১৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১১ সালের বিএ/বিবিএস/বিবিএস/বিএসসি ৪৮ বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-line এ নিম্ন লিখিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ও বিবরণী ফরম পূরণ এবং জমাদানের তারিখসহ তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো। উল্লেখ্য, পরীক্ষা অনুষ্ঠানের সময়সূচি পরে জানানো হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪৮ বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক

ওয়েবের সাইট : www.nubd.info/204

ই-মেইল : nuh204@gmail.com

১। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচি/নিয়মাবলী :

ক)	আবেদন ও বিবরণী ফরম পূরণের সময়সীমা	৩০-০৬-২০১৩ হতে ১৫-০৭-২০১৩
খ)	পরীক্ষার্থীদের On-line এ ডাটা এন্ট্রি করার শেষ তারিখ	১৬-০৭-২০১৩
গ)	ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ :	১৭-০৭-২০১৩
ঘ)	উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের On-line এ এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখ :	১৮-০৭-২০১৩
ঙ)	প্রতি পরীক্ষার্থী ৫০০/- (পাঁচ শত) টাকা বিলম্ব ফি জমাদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ ও On-line এ ডাটা এন্ট্রি ও ব্যাংক ড্রাফট করার সময়সীমা :	১৬-০৭-২০১৩ হতে ২২-০৭-২০১৩
চ)	প্রতি পরীক্ষার্থী ১০০০/- (এক হাজার) টাকা বিলম্ব ফি জমাদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ ও On-line এ ডাটা এন্ট্রি ও ব্যাংক ড্রাফট করার সময়সীমা :	২৩-০৭-২০১৩ হতে ২৯-০৭-২০১৩
ছ)	বিলম্ব ফিসহ পরীক্ষার্থীদের On-line এ এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখ :	৩১-০৭-২০১৩
জ)	বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line এ এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপি বিষয়ওয়ারী আলাদাভাবে বাঁধাই করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ৪৮ বর্ষ অনার্স শাখায় হাতে হাতে জমা দিতে হবে (বিবরণী ফরমের ফটোকপি কলেজে সংরক্ষিত থাকবে)। ডাকযোগে হেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।	

২। ২০১১ সালের ৪৮ বর্ষ অনার্স পরীক্ষার প্রতি পরীক্ষার্থীর নির্ধারিত ফি (নিয়মিত/অনিয়মিত)

	নির্ধারিত ফি	
১)	বিএ/বিবিএস/ বিএসএস (ভূগোল/ মনোবিজ্ঞান ব্যতীত)	১৪৫০/-
২)	রসায়ন/ গণিত	১৯৫০/-
৩)	পদার্থ বিজ্ঞান/ প্রাণ-রসায়ন/ উত্তিদবিদ্যা/ প্রাণীবিদ্যা/ ভূগোল/ মনোবিজ্ঞান/ মৃত্তিকা বিজ্ঞান/	১৮৫০/-
৪)	গার্হস্থ্য অর্থনৈতিক	২৪০০/-
৫)	পরিসংখ্যান	২০৫০/-
৬)	মানোবিয়ন ও ক্রমিক ৩ এর খ (ii) পরীক্ষার্থীদের জন্য	১০০০/-
৭)	কেন্দ্র ফি **	৩০০/-
৮)	ব্যবহারিক কেন্দ্র ফি	৫০/-

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের ৪০% পরিমাণ নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত কাজের খরচের জন্য রেখে অবশিষ্ট ৬০% অর্থ নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা শুরু হওয়ার ০৩ (তিনি) দিন পূর্বে হস্তান্তর করতে হবে। ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে।

বিঃ দ্রঃ (১) কলেজ কর্তৃক পরীক্ষার্থীর টিউটোরিয়া নম্বর ও মাঠকর্মের নম্বর আবেদন ফরম পূরণের সময়েই On-line এ পরীক্ষার্থীদের রোল নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ৪৮ বর্ষ অনার্স শাখায় পরীক্ষার্থীর বিবরণীর সাথে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষন করতে হবে।
(২) তত্ত্বীয় পরীক্ষা শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে মৌখিক/ব্যবহারিক/মনোগ্রাফ পরীক্ষা গ্রহণের পর পরই On-line এ পরীক্ষার্থীদের রোল নম্বর এর বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান, অন্তঃ পরীক্ষক ও বহিৎ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপি খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ৪৮ বর্ষ অনার্স শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষন করতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) নিয়মিত : ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ৪৮ বর্ষ অনার্স পরীক্ষার জন্য বিধি সম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্বাচিত (১ম, ২য় ও ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted)ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১১ সালের ৪৮ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;

খ) অনিয়মিত :

- i) ২০০৫-০৬ ও ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষে নির্বাচিত যে সব ছাত্র/ছাত্রী ১ম, ২য় ও ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১০ সালের ৪৮ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০১১ সালের ৪৮ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;
- ii) ২০১০ সালের পরীক্ষায় অংশগ্রহণকারী যেসব পরীক্ষার্থী তত্ত্বীয়/টিউটোরিয়াল/মৌখিক/ ব্যবহারিক/মাঠকর্ম/ মনোগ্রাফ এর যে কোন একটি পত্রে অনুষ্ঠিত থাকার কারণে অকৃতকার্য হয়েছে তারা ২০১১ সালে শুধুমাত্র ঐ পত্রে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ২০১০ সালের তত্ত্বীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একই সাথে পরীক্ষার্থীও যেসব তত্ত্বীয় পত্রে ৪৫% এর কম নম্বও পেয়েছে সেসব পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪। মান উন্নয়ন : জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র ২০১০ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় পাস ডিগ্রি/তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্র-ছাত্রীগণ নিম্নোক্ত শর্তে ২০১১ সালের মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

ক) ২০১০ সালের পরীক্ষায় পাস ডিগ্রি/তৃতীয় শ্রেণী প্রাপ্ত পরীক্ষার্থীগণ ৪৫% এর কম নম্বর প্রাপ্ত কোর্স/কোর্স সমূহের সংশ্লিষ্ট বছরের জন্য প্রযোজ্য সিলেবাস অনুযায়ী মাত্র একবার মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

খ) মান উন্নয়ন এর ক্ষেত্রে পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক/চিউটোরিয়াল/মাঠকর্ম/মনোগ্রাফ পরীক্ষায় তার ২০১০ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বর বহাল থাকবে;

গ) মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করে পরীক্ষার্থীর পাশের শ্রেণী উন্নীত হলে তার পূর্বে প্রাপ্ত পাস ডিগ্রি/তৃতীয় শ্রেণী ডিগ্রি প্রত্যাহার করা হবে এবং ফি জমা দিবে নতুন করে সাময়িক সনদ নিতে হবে। উন্নীত না হলে তার পূর্বে প্রাপ্ত ফলাফল বহাল থাকবে। এ ক্ষেত্রে শ্রেণী উন্নয়ন না হয়ে প্রাপ্ত নম্বরের উন্নয়ন হলে পরীক্ষার্থীর আবেদন সাপেক্ষে পূর্বের গৃহীত নম্বর ও সনদপত্র জমা দিবে নতুন নম্বর ও সনদপত্র গ্রহণ করতে পারবে।

ঘ) ২০০৪-০৫ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০১০ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে পাস বা তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে তাদের রেজিস্ট্রেশন নবায়ন করে শুধুমাত্র ২০১১ সালের মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫। পাঠ্যসূচি :

২০১১ সালের বিএ-বিএসএস/বিবিএস/বিএসসি ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও রেণ্টেলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ :

২০১১ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণকারী সভাব্য পরীক্ষার্থীর তালিকা (Probable List)/আবেদন ফরম/বিষয়ওয়ায়ী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ফি জমাদান ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/204 থেকে সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৭। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী :

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে পরীক্ষার্থীদের আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করে পরীক্ষার্থীর অংশ পরীক্ষার্থী স্ব-হস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়ভিত্তিক সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না সভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), -এর সাথে যাচাই পূর্বক নিশ্চিত হয়ে পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন;

খ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে সভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করা যাবে এবং সে তালিকা মোতাবেক আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উলি- খিত বিষয় কোড (তাত্ত্বিক/ব্যবহারিক/চিউটোরিয়াল/মাঠকর্ম/মৌখিক/মনোগ্রাফ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না;

গ) বিবরণী ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্রে ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোনক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না;

ঘ) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, মান উন্নয়নের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা নিতে হবে। আবেদন ফরমসমূহ প্রয়োজনীয় কাগজপত্র ভবিষ্যতের প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক সরবরাহের লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে সংরক্ষণ করত হবে;

ঙ) সভাব্য পরীক্ষার্থীর তালিকায় (Probable List) নাম নাই এমন কোন পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ করা যাবে না। উলি- খিত নিয়মে যদি এমন কোন বৈধ পরীক্ষার্থী থাকে যার নাম তালিকায় নাই সে ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় তথ্যাদিসহ যোগাযোগ করে ফরম পূরণের অনুমতি গ্রহণ করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে;

চ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি (সত্যায়িত) এর এক কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

৮। বিবরণী ফরম পূরণের নিয়মাবলী :

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ায়ী সভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণকৃত বিষয়ওয়ায়ী নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি **On-line** এ ডাটা এন্ট্রি করতে হবে;

খ) **On-line** এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষ ওয়েব সাইটের কলেজ প্রোফাইলে লগ ইন করে User ID & Password সংগ্রহ করবেন;

গ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং টেকনিক্যাল সাপোর্ট নিতে উল্লিখিত ই-মেইল : **nuh204@gmail.com** অথবা **9291031** নম্বরে যোগাযোগ করা যেতে পারে;

ঘ) ৪র্থ বর্ষ অনার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ত্নভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে;

ঙ) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে **On-line** এ এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে। বিষয়ওয়ায়ী ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষ উত্ত বিবরণী ফরম, প্রিন্টের কপি যাচাই পূর্বক প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে;

৯। ফি জমাদানের নিয়মাবলী :

ক) পরীক্ষার্থীদের ফি এর সমূদয় অর্থের ব্যাংক ড্রাফট, ডাটা এন্ট্রি শেষে প্রিন্টকৃত ফি বিবরণীর ০৩ (তিনি) কপি প্রিন্ট করে যথাযথভাবে স্বাক্ষর পূর্বক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের সংশি-ষ্ট শাখায় জমা দিতে হবে;

খ) সকল প্রকার ফি এর ব্যাংক ড্রাফট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অনুকূলে করতে হবে এবং সংশি-ষ্ট কলেজের অধ্যক্ষ উত্ত ব্যাংক ড্রাফট এর বিপরীত পৃষ্ঠায় সীলনসহ স্বাক্ষর করবেন;


গ) কেবলমাত্র সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ব্যাংক ড্রাফট করা যাবে এবং তা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে গৃহীত সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয় হতে হবে;

ঘ) ফি এর হিসাব **On-line** এ হিসাববিবরণী/ফি বিবরণীর সঙ্গে কোন কারণে গরমিল পরিলক্ষিত হলে সে সব বিষয়ের ফি এর হিসাব আলাদাভাবে ম্যানুয়াল ফরমে দাখিল করতে হবে।

১০। পরীক্ষার সময়সূচীসহ এবং অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে।

১১। বিবিধ:

- ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে;
- খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত নির্দিষ্ট বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- গ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
- ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো;
- ঙ) যে সব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nubd.info/204) প্রবেশপত্রের ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্রের ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।



(বদরজামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

তারিখ : ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ
২৭ জুন ২০১৩ খ্রিস্টাব্দ

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/৪ৰ্থ বৰ্ষ অনাৰ্স-১১/০২/২০১৩/২০৬৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রো-ভাইস-চ্যাপ্সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ২। প্রিজারার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৩। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৪। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৫। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৬। পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৭। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। প্রধান সচিব, ভাইস-চ্যাপ্সেল মহোদয়ের দণ্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৯। উপ-রেজিস্ট্রার, একাডেমিক (অনাৰ্স), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ১০। প্রষ্ঠর, শৃঙ্খলা ও নিরাপত্তা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ১১। অধ্যক্ষ, অনাৰ্স পাঠ্যদানকাৰী সংশ্লিষ্ট কলেজসমূহ
- ১২। অফিস কপি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
৪ৰ্থ বৰ্ষ অনাৰ্স
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর